

## সমাজ, দর্শন ও সামাজিক ডারউইনিজম।

সামাজিক ডারউইনিজম তত্ত্ব সমাজে প্রয়োগ সংক্রান্ত বিষয় ডঃ বিপ্লব পালের কাছে শ্রী কৌশিকের জিজ্ঞাস্য ও সামাজিক ডারউইনিজম সম্পর্কে ডঃ জাফর উল্লাহর মন্তব্য এবং গবেষণাগারে ব্যবহারকারী কিছু তথ্য ও শব্দ উভয় ডক্টরেট ডিগ্রিধারী কর্তৃক মুক্তমনা ফোরামে উপস্থাপন আমার দৃষ্টি আকর্ষণ করেছে। উচ্চ শিক্ষিত ডক্টরেট ডিগ্রিধারী থেকে একজন স্কুল ছাত্র পর্যন্ত বিভিন্ন জ্ঞান স্থরের এবং জ্ঞানের বিভিন্ন শাখার মানুষ বিভিন্ন ফোরাম পরিদর্শন করেন। তাই জ্ঞানের সকল স্থর ও বিভিন্ন জ্ঞানের মানুষের সুবিধার্থে ফোরামের আলোচনা বা বিতর্ক হওয়া উচিত সহজ, সরল ও বোধগম্য ভাষায়। আলোচনার ও বিতর্কের বিষয়বস্তু থেকে গবেষণাগারে ব্যবহারকারী প্রাকৃতিক-বিজ্ঞান বিষয়াক তথ্য ও শব্দ পরিহার হওয়া বাঞ্ছনীয়। পাণ্ডিত্য প্রদর্শনের স্থান ফোরাম নয়। কারো শিক্ষাগত যোগ্যতা জিজ্ঞাসা বা নিজেদেরটা প্রকাশ করা গর্হিত কাজ।

ডক্টরেট ডিগ্রিধারী উভয় ব্যক্তিই আলোচনার বিষয়বস্তু পরিবর্তন করে ডিএনএ, জিন ও সংশ্লিষ্ট জিনের আভ্যন্তরে প্রানীকোষের অতি সূক্ষ্ম তন্ত্র (Chromosome), যা প্রানীর বংশানুক্রমিক চরিত্রের পরিচয়বহন, প্রেরণ ও স্থিরীকরণের জন্য দায়ী, সংক্রান্ত বিষয় আলোচনায় টেনে নিয়ে এসে নিজ পাণ্ডিত্য প্রদর্শনে রত হয়েছেন। বংশানুক্রমিক চরিত্রের পরিচয়বাহী ক্রোমোসোমের (Chromosome) চরিত্র বৈশিষ্ট্যের রূপান্তর ঘটান কারণের ব্যাপারে নিশ্চুপ থেকে ভদ্রলোকেরা ধান ভানতে শিবের গীত গাচ্ছেন। সামাজিক ডারউইনিজম বিষয়ের উপর কিছুকাল আগে ডঃ জাফরের সাথে আমার একটা বিতর্ক হয়েছিল। তখন সামাজিক ডারউইনিজমের উপর নর-বিজ্ঞান ও দর্শন(যুক্তিবাদী)শাস্ত্রের সংশ্লিষ্ট আন্তর্জাতিক সমিতি সমূহের নেতিবাচক মন্তব্য উপস্থাপন করেছিলাম। ডঃ জাফর শ্রেষ্ঠস্মন্যতায় ভোগেন বিধায় প্রাকৃতিক-বিজ্ঞান ও সমাজের বিধি-বিধানের মধ্যে পার্থক্য নিরূপণ ও সমন্বয় করতে ব্যর্থ হন। তাছাড়া প্রাকৃতিক-বিজ্ঞান ও সমাজ-বিজ্ঞানের সমন্বিত জ্ঞান দর্শনশাস্ত্র বিষয় অজ্ঞতা হেতু সমাজবিদ্যার তত্ত্ব বুঝতে অক্ষম হন। ডঃ পাল যথার্থ ভাবেই উল্লেখ করেছেন গবেষণা লব্দ প্রবন্ধের সংখ্যা দিয়ে বিজ্ঞানী হওয়া যায় না। গবেষণা লব্দ প্রবন্ধগুলি প্রমাণ করে বিষয়টির উপর গবেষণা চলছে, যা ফলপ্রসূ নাও হতে পারে।

ধর্ম যাজক ডারউইন কর্তৃক জীববিজ্ঞান জানালাে প্রকাশিত The Origin of Species প্রবন্ধে জীব জগতের নিম্ন বর্ণিত ৫টি তত্ত্ব (Theory) এর কথা উল্লেখ করেন, যার সমন্বিত নাম ডারউইনিজম। (১) বিবর্তন (Evolution) তত্ত্বে বলা হয়েছে, পৃথিবী অপরিবর্তনীয় বা আধুনা সৃষ্টি নয় অথবা ধারাবাহিক ভাবে আবর্তিতও নয়, বরঞ্চ নিয়মিত ভাবে পরিবর্তনশীল এবং পরস্পর সম্পর্কযুক্ত ও সমন্বিতভাবে ক্রিয়াশীল অংশ নিয়ে গঠিত প্রানীসত্তা (Organisms) সময়ের সাথে রূপান্তরিত হয়। (২) সাধারণ বংশ অবরোহন (Common descent) তত্ত্বে বলা হয়েছে প্রানী, উদ্ভিদ ও অনুজীবসহ প্রত্যেক গ্রুপ ওরগানিজমের অবরোহন ঘটেছিল সাধারণ পূর্বপুরুষ, যা অবশেষে পৃথিবীর একক জীবন উৎস থেকে উৎপত্তি। (৩) প্রজাতির বংশবৃদ্ধিকরণ (Multiplication of species) তত্ত্বে, প্রচুর জৈব (Organic) বৈচিত্র্যের উৎসের ব্যাখ্যা দেয়া হয়েছে। এটা সত্য বা সিদ্ধ বলে গ্রহন করা হয় যে ভৌগলিক পরিবেশের উপর ভিত্তি করে এবং সামঞ্জস্য রেখে প্রজাতি সত্তানে বিভাজিত অথবা অঙ্কুর সৃষ্টি করে বংশবৃদ্ধি করে। (৪) ক্রমবিকাশবাদ (Gradualism) এই তত্ত্ব অনুযায়ী প্রজাতির নুতন নমুনা উৎপাদন অতর্কিত (Sudden or Saltational) ঘটনা নয়। বিবর্তনমূলক পরিবর্তন ও ক্রমবিকাশের মাধ্যমে প্রজাতির নুতন নমুনা উৎপন্ন হয়ে থাকে। (৫) প্রাকৃতিক

নির্বাচন/বাছাই (Natural selection) এই তত্ত্ব অনুযায়ী বিবর্তনমূলক পরিবর্তনের মধ্য দিয়ে জীবের প্রত্যেক বংশ পর্যায় জীবকোষস্থিত বংশগতির সংকেতবলী (Genetic) গঠন বা রূপের পরিবর্তন (Variation), যা পরবর্তী জীবের বংশধারার বৈশিষ্ট নির্ধারণ করে, এর উৎপাদন অচল হয়। উত্তরাধিকারসূত্রে প্রাপ্ত চরিত্রগুলির মিশ্রনে ভালভাবে খাপ খাওয়ানোর অপারগতাজনিত বিশেষ কারণবশত তুলনামূলকভাবে খুব কম প্রজাতি বেঁচে থাকতে পারে এবং পরবর্তী পর্যায়ের বংশ বৃদ্ধিতে সহায়ক ভূমিকা রাখতে পারে।

ডারউইন পরবর্তীকালে প্রাকৃতিক নির্বাচন/বাছাই পদ্ধতিতে খাপ খাওয়ানোর অপারগতার কারণ নিরূপনে Herbert Spencer কর্তৃক Survival of the fittest তত্ত্বের উদ্ভাবন ঘটে, যা অন্যান্য জ্ঞান শাখার তত্ত্বের সাথে বিরোধ সৃষ্টি করে বিধায় জীববিজ্ঞানী, নৃবিজ্ঞানী, সমাজবিজ্ঞানী ও যুক্তিবাদী (Philosopher) কর্তৃক প্রত্যাশিত হয়। Survival of the fittest তত্ত্বের সামাজিক ভাষ্যের নাম সামাজিক ডারউইনিজম (Social Darwinism), যার মূখ্য বক্তব্য হলো সবল শ্রেষ্ঠ এবং ঝাঁচার অধিকারী, দুর্বল নিকৃষ্ট এবং ঝাঁচার অধিকার বঞ্চিত। Saxon নামের জার্মান মানবপ্রজাতি উন্নত ও সবল, অন্য জার্মানেরা দুর্বল, এই তত্ত্ব প্রয়োগে Nazi রা ইহুদী নিধনযজ্ঞ চালিয়েছে। বর্ণবাদী ও সাম্রাজ্যবাদী নীতি "সারভাইভ্যাল অফ দ্যা ফিটেস্ট" তত্ত্বের বহির্প্রকাশ। এমতাবস্থায় প্রাকৃতিক-বিজ্ঞানভুক্ত ডিএনএ, জিন ও ক্রোমোসোম সংক্রান্ত বিষয়গুলির সাথে সামাজিক ডারউইনিজমের সম্পর্ক বোধগম্য নয়।

সেতারা হাশেম

১১/২৮/০৪